

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

জন্ম ২৬শে সেপ্টেম্বর ১৮২০ - মৃত্যু ২৯শে জুলাই ১৮৯১

সংক্ষিপ্ত জীবনপঞ্জী

(এই তালিকা পশ্চিমবঙ্গ নিরক্ষরতা দূরীকরণ সমিতি প্রকাশিত বিদ্যাসাগর রচনাবলী (১ম খণ্ড) পরিশিষ্ট থেকে গৃহীত। সত্যেন্দ্রনাথ সেন ও গোপাল হালদারের পরিচালনায় গঠিত বিদ্যাসাগর স্মারক জাতীয় সমিতি এই রচনাবলী সম্পাদনা করেছিলেন)

- ১৮২০, ২৬ সেপ্টেম্বর : বীরসিংহে জন্ম (১২ আশ্বিন ১২২৭, মঙ্গলবার)।
- ১৮২৯, ১ জুন : কলিকাতা গবর্নমেন্ট সংস্কৃত কলেজে প্রবেশ।
- ১৮৩৪ : দিনময়ী দেবীকে বিবাহ।
- ১৮৪১, ৪ ডিসেম্বর : কলিকাতা গবর্নমেন্ট সংস্কৃত কলেজে বার বৎসর পাঁচ মাস অধ্যয়নের পর কলেজের এবং অধ্যাপকবর্গের প্রশংসাপত্র লাভ।
- ২৯ ডিসেম্বর : ফোর্ট উইলিয়াম কলেজে বাঙলা বিভাগের সেরেসভাদার বা প্রধান পণ্ডিত।
- ১৮৪৬, ৬ এপ্রিল : সংস্কৃত কলেজের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি।
- ১৮৪৭ : সংস্কৃত প্রেস ডিপজিটারি প্রতিষ্ঠা।
- ১৯৪৭ এপ্রিল : প্রথম গ্রন্থ 'বেতালপঞ্চবিংশতি' প্রকাশ।
- ১৬ জুলাই : সংস্কৃত কলেজের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারির পদ থেকে বিদায় গ্রহণ।
- ১৮৪৯, ১মার্চ : ফোর্ট উইলিয়াম কলেজের হেড রাইটার ও কোষাধ্যক্ষ।
- ১৮৫০, আগস্ট : 'সর্বশুভকরী পত্রিকা' প্রকাশ।
- ৫ ডিসেম্বর : সংস্কৃত কলেজে সাহিত্যের অধ্যাপক।
- ডিসেম্বর : বীটন নারী - বিদ্যালয়ে অবৈতনিক সম্পাদক।
- ১৮৫১, ৫ জানুয়ারি : সাহিত্যের অধ্যাপক ও সংস্কৃত কলেজের অস্থায়ী সেক্রেটারি।
- ২২ জানুয়ারি : সংস্কৃত কলেজের প্রিন্সিপাল। (এই সময় থেকে কলেজের সেক্রেটারির পদ লুপ্ত হয়)
- ৯ জুলাই : ব্রাহ্মণ ও বৈদ্য ছাড়াও, সম্ভ্রান্ত কায়স্থ - সন্তানকে কলেজে প্রবেশাধিকার দান।
- ২৬ জুলাই : অষ্টমী ও প্রতিপদের পরিবর্তে কেবল রবিবার সংস্কৃত কলেজ বন্ধ রাখবার রীতি প্রচলন।
- ডিসেম্বর : যে-কোন সম্ভ্রান্ত হিন্দুসন্তানকে সংস্কৃত কলেজে প্রবেশাধিকার দান
- ১৮৫২, ২৮ অগস্ট : সংস্কৃত কলেজে প্রবেশার্থী ছাত্রদের দুই টাকা দক্ষিণা দেবার রীতি প্রচলন।
- ১৮৫৩ : বীরসিংহে অবৈতনিক বিদ্যালয় স্থাপন।
- ১৮৫৪, জানুয়ারি : বোর্ড-অব একজামিনার্সের সদস্য।
- জুন : সংস্কৃত কলেজে ছাত্রদের মাসিক ১ টাকা বেতন গ্রহণের রীতি প্রচলন
- ১৮৫৫, ১ মে : অধ্যক্ষ পদ ছাড়া দক্ষিণ - বাঙলা স্কুল-ইন্স্পেক্টরের পদ।
বেতন - বৃদ্ধি — মাসিক ২০০ টাকা।
- ১৭ জুলাই : নর্মাল স্কুল স্থাপন ও অক্ষয়কুমার দত্তকে প্রধান শিক্ষকরূপে গ্রহণ।
- অগস্ট - সেপ্টেম্বর : নদীয় পাঁচটি মডেল স্কুল স্থাপন।
- অগস্ট - অক্টোবর : বর্ধমানে পাঁচটি মডেল স্কুল স্থাপন।
- অগস্ট-সেপ্টেম্বর - নবেম্বর : হুগলীতে পাঁচটি মডেল স্কুল প্রতিষ্ঠা।
- অক্টোবর - ডিসেম্বর : মেদিনীপুরে চারটি মডেল স্কুল স্থাপন।
- ৪ অক্টোবর : বিধবাবিবাহ - বিধির জন্য সরকারের নিকট আবেদনপত্র।
- ২৭ ডিসেম্বর : বহুবিবাহ রহিত করার জন্য সরকারের নিকট আবেদনপত্র।
- ১৮৫৬, ১৪ জানুয়ারি : মেদিনীপুরে আর-একটি মডেল স্কুল স্থাপন।
- ১৬ জুলাই : বিধবাবিবাহ -বিধি বিধিবদ্ধ হয়।
- ৭ ডিসেম্বর : প্রথম বিধবা - বিবাহ। বর — প্রসিদ্ধ কথক রামধন তর্ক - বাগীশের কনিষ্ঠ পুত্র শ্রীশচন্দ্র বিদ্যারত্ন; কন্যা— পলাশডাঙ্গা গ্রামনিবাসী ব্রহ্মানন্দ মুখোপাধ্যায়ের দ্বাদশবধীয়া বিধবা-কন্যা কালীমতী।

১৮৫৭, নবেম্বর- ডিসে.	: হুগলী জেলায় সাতটি ও বর্ধমানে একটি বালিকা বিদ্যালয় স্থাপন।
১৮৫৮, জানুয়ারি-মে	: হুগলী জেলায় আরও তেরটি, বর্ধমানে দশটি, মেদিনীপুরে তিনটি এবং নদীয়ায় একটি বালিকা - বিদ্যালয় স্থাপন। তত্ত্ববোধিনী সভার সম্পাদক।
৩ নবেম্বর	: সংস্কৃত কলেজের প্রিন্সিপালের পদ ত্যাগ।
১৫ নবেম্বর	: 'সোমপ্রকাশ' পত্র প্রকাশ।
১৮৫৯, ১ এপ্রিল	: কাঁদি (মুর্সিদাবাদ) ইংরেজী-বাঙলা স্কুল প্রতিষ্ঠা।
মে	: তত্ত্ববোধিনী সভা রহিত হওয়ায় সম্পাদকের পদ ত্যাগ।
১৮৬১, এপ্রিল	: 'হিন্দু পেট্রিয়েট'র পরিচালন - ভার গ্রহণ।
১৮৬৩, নবেম্বর	: ওয়ার্ডস্ ইনস্টিটিউশনের পরিদর্শক।
১৮৬৪	: 'কলিকাতা ট্রেনিং স্কুল' নামের পরিবর্তে মেট্রোপলিটান ইনস্টিটিউশন নামকরণ।
১৯৬৬, ১ ফেব্রুয়ারি	: বহুবিবাহ রহিত করার জন্য দ্বিতীয় বার ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভায় আবেদনপত্র।
১৮৭০, জানুয়ারি	: ডাঃ মহেন্দ্রলাল সরকারের বিজ্ঞান - সভায় সহস্র মূদ্রা দান।
১১ আগস্ট	: ২২ বৎসর বয়স্ক পুত্র নারায়ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের সহিত খানাকুল কৃষ্ণনগর - নিবাসী শম্ভুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের ১৪ বৎসর বয়স্ক বিধবা - কন্যা ভবসুন্দরীর বিবাহ দান।
১৮৭১, ১২ এপ্রিল	: কাশীতে মাতার মৃত্যু।
১৮৭২, ১৫ জুন	: হিন্দু ফ্যামিলি অ্যানুয়িটি ফাণ্ডের ট্রাস্টি।
১৮৭৩, জানু. - নবে. ?	: মেট্রোপলিটান বিদ্যালয়ের শ্যামপুকুর শাখা।
১৮৭৫, ৩১ মে	: সম্পত্তির উইলকরণ।
১৮৭৬, ২১ ফেব্রুয়ারি	: হিন্দু ফ্যামিলি অ্যানুয়িটি ফাণ্ডের ট্রাস্টি - পদ ত্যাগ।
১২ এপ্রিল	: পিতা ঠাকুরদাসের কাশীলাভ। কলিকাতা বাদুড়বাগানের বাটী নির্মাণ।
১৮৭৭, এপ্রিল	: গোপাললাল ঠাকুরের বাটীতে বড়লোকের ছেলেদের জন্য স্কুল প্রতিষ্ঠা- ছাত্রদের বেতন মাসিক ৫০ টাকা।
১৮৮০, ১ জানুয়ারি	: সি. আই. ই. উপাধি লাভ।
১৮৮৩	: পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ফেলো মনোনীত।
১৮৮৫	: মেট্রোপলিটান বিদ্যালয়ের বহুবাজার - শাখা স্থাপন।
১৮৮৭, জানুয়ারি	: শঙ্কর ঘোষের লেনে নবনির্মিত বাটীতে মেট্রোপলিটান কলেজের গৃহপ্রবেশ মেট্রোপলিটান বিদ্যালয়ের বড়বাজার - শাখা।
১৮৮৮, ১৩ আগস্ট	: পত্নী দিনময়ীর মৃত্যু।
১৮৯০, ১৪ এপ্রিল	: বীরসিংহে ভগবতী বিদ্যালয় স্থাপন।
১৮৯১, ২৯ জুলাই	: কলিকাতায় মৃত্যু। (১৩ শ্রাবণ ১২৯৮, রাত্রি প্রায় ২ ।। ০ টা)

বিদ্যাসাগর সংক্রান্ত কয়েকটি উল্লেখযোগ্য রচনা

- ১। স্বরচিত জীবনবৃত্তান্ত - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
- ২। বিদ্যাসাগর - চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়
- ৩। বিদ্যাসাগর ও বাঙ্গালী সমাজ (৩ খণ্ড) - বিনয় ঘোষ
- ৪। বিদ্যাসাগর চরিত - রবীন্দ্রনাথ ঠাকুর।
- ৫। চরিত কথা - রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
- ৬। করুণাসাগর বিদ্যাসাগর - ইন্দ্র মিত্র
- ৭। বিদ্যাসাগর (নাটক) - বনফুল